

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
জরিপ শাখা -১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.minland.gov.bd](http://www.minland.gov.bd)

স্মারক নং.- ৩১.০০.০০০০.০৩৬.১৩.০৫৫.১৯-১৮৭

তারিখ- ০৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ  
২০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

প্রাপক : জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা  
ফরিদপুর।

বিষয় : জনাব মোঃ শাহজাহান আলী, প্রাক্তন উপসহকারী সেটেলমেন্ট অফিসার, ফরিদপুর সদর উপজেলা সেটেলমেন্ট অফিস, ফরিদপুর এর সংশোধিত থোক মঞ্জুরি।

সূত্র : ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের স্মারক নং-৩১.০৩.২৬৯২.০০২.১৩.২০২.০৮-১৭৪, তারিখ : ১৮/৪/২০১৯খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জনাব মোঃ শাহজাহান আলী, প্রাক্তন উপসহকারী সেটেলমেন্ট অফিসার (কানুনগো), ফরিদপুর সদর উপজেলা সেটেলমেন্ট অফিস, ফরিদপুর-কে ৩০/১২/২০০৮ খ্রি. তারিখ থেকে সরকারি চাকরি হতে পূর্ণ অবসর গ্রহণের আদেশসহ ১২ মাসের ছুটির জন্য সর্বশেষ মাসিক মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন থোক মঞ্জুর করা হয় এবং তৎকালীন তাঁর মূল বেতন ৭,৪৭০/- টাকা হারে এককালীন থোক (লাম্পসুম) উত্তোলন করেন।

০২। পরবর্তীতে কানুনগো পদটি ২য় শ্রেণির গেজেটেড অফিসার হিসেবে উন্নীত করে ভূমি মন্ত্রণালয়ের ১০/১১/২০১০ খ্রি. তারিখের স্মারক নম্বর শা-১২(বিবিধ)/১১/(৬)/২০০৯-৯২১ প্রজ্ঞাপন জারি করা হয় ; যা ২৯/০৬/২০০৮ খ্রি. তারিখ হতে কার্যকর হবে উল্লেখ করা হয়। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন শাখা-১ এর ১৪/০১/২০১০ তারিখের অম/অবি(বাস্ত-১)/ভূমি১৮/২০০৬/১৪ নম্বর স্মারকে ২৯/০৬/২০০৮ খ্রি. তারিখ হতে কার্যকর হবে মর্মে সম্মতি প্রদান করায় সংশ্লিষ্ট কর্মকর্তার বেতন পুনঃ নির্ধারণ করে তার মূল বেতন ৭,৬৬০/- (সাত হাজার ছয়শত ষাট) টাকায় নির্ধারণ করা হয় {সংশোধিত প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) সংযুক্ত}।

০৩। জনাব মোঃ শাহজাহান আলী, প্রাক্তন উপসহকারী সেটেলমেন্ট অফিসার (কানুনগো) এর সংশোধিত প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) এ বর্ণিত মূল বেতন ৭,৬৬০/- (সাত হাজার ছয়শত ষাট) টাকা হারে ২৯/০৬/২০০৮ খ্রি. তারিখ হতে ভূতাপেক্ষভাবে বকেয়া থোক (লাম্পসুম) নির্দেশক্রমে মঞ্জুর করা হলো।

সংযুক্ত : ০১ (এক) ফর্দ।

**স্বাক্ষরিত**

(মো. আব্দুর রহমান)

উপসচিব

পরিচিতি নম্বর ১৫২৯০

ফোন-৯৫৪০০৪৮

স্মারক নং.- ৩১.০০.০০০০.০৩৬.১৩.০৫৫.১৯-১৮৭/১(৭)

তারিখ- ০৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ  
২০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ১। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ২৮ শহিদ তাজউদ্দিন আহমেদ সরণী, তেজগাঁও, ঢাকা।
- ২। জোনাল সেটেলমেন্ট অফিসার, ফরিদপুর।
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। যুগ্মসচিব (জরিপ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। জনাব মোঃ শাহজাহান আলী, প্রাক্তন উপসহকারী সেটেলমেন্ট অফিসার, ফরিদপুর সদর উপজেলা সেটেলমেন্ট অফিস, ফরিদপুর।

(মো. আব্দুর রহমান)

উপসচিব